

## উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মো: আল-মুস্তাদির হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।

সভার তারিখ ও সময় সময় : ১১/০৭/২০১৯ খ্রি: দুপুর : ১২:৩০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ, শাল্লা, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-ক তে দেখানো হলো স্বাক্ষরের ক্রমানুসারে।

সভার প্রারম্ভে সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সম্প্রতি ভারতের মেঘালয় রাজ্যে অতিবৃষ্টি এবং বাংলাদেশে অতিবৃষ্টি, পাহাড়ী ঢলের কারণে সুরমা নদীতে পানি বৃদ্ধি পাচ্ছে। তাই হাওড়ে প্রতিটি গ্রাম উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে নজর দারীতে রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। এ বিষয়ে বস্তব্য উপস্থাপনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাল্লাকে অনুরোধ জানান।

সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জানান যে, ০৬/০৭/২০১৯ খ্রি: তারিখ থেকে অনবরত ভারীবৃষ্টি ও পাহাড়ী ঢলের কারণে শাল্লা উপজেলার সব কটি নদ-নদী ও হাওরের পানি বৃদ্ধি পাচ্ছে। অতিবৃষ্টির কারণে যে কোন অঞ্চল প্রাপিত হতে পারে। এ পরিস্থিতি মোকাবেলার জন্য জরুরী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় জানান।

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

- ১। সকল ইউনিয়ন চেয়ারম্যানবৃন্দকে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা দ্রুত আহ্বান করার জন্য অনুরোধ জানানো হয়।
- ২। ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে জরুরী ভিত্তিতে সেফসেবক টিম গঠনের জন্য ইউনিয়ন চেয়ারম্যান ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।
- ৩। সকল দ্বো-তলা প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ওয়াশরুম ও টিউবওয়েল সচল রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।
- ৪। ব্রাক, সানফ্রেড ও কেয়ার বাংলাদেশ প্রতিনিধিকে তাদের ইউনিয়ন ভিত্তিক কর্মীদের গণসচেতনতা বৃদ্ধিতে উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে কয়েকটি চিকিৎসা টিম গঠন ও উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তাকে প্রানী সম্পদ রক্ষায় মাইকিং এবং উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে বিশুদ্ধ পানি, স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ও পানি বিশুদ্ধ করণ ট্যাবলেট মজুদ রাখার জন্য অনুরোধ জানানো হয়।
- ৬। জরুরী ভিত্তিতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে উপজেলা কন্ট্রোল রুম খোলার জন্য অনুরোধ করা হয়।

অত:পর সভায় আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আল-মুস্তাদির হোসেন)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি  
শাল্লা, সুনামগঞ্জ।

স্মারক নং-৫১.০১.৯০৮৬.০০০.০৭.০২১.১৮(অংশ-২)- ৩০/১

তারিখ:- ১১/০৭/২০১৯ খ্রি:।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :-

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।
- ৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার, সুনামগঞ্জ।
- ৪। উপজেলা ..... অফিসার ও সদস্য উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, শাল্লা।
- ৫। অফিস কপি।

(মো: আজিজুর রহমান)  
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

ও  
সদস্য-সচিব

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি  
শাল্লা, সুনামগঞ্জ।